# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 16-08-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) RG কর-কাণ্ডে এবার রাষ্ট্রপতি ভবন থেকে নিহত চিকিৎসকের পরিবারের সঙ্গে ই-মেলের মাধ্যমে যোগাযোগ করে পাশে থাকার আশ্বাস দেওয়া হয়েছে।

২) পরিচালক বিবেক অগ্নিহোত্রীর চলচ্চিত্র দ্য বেঙ্গল ফাইলস-এর ট্রেলার প্রকাশে বাধা দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে আজ একটি বেসরকারী হোটেলে তীব্র উত্তেজনা তৈরি হয়।

৩) পুজোর আগেই ফারাক্কার দ্বিতীয় সেতু তৈরির কাজ শেষ হবে বলে জাতীয় সড়ক কর্তৃপক্ষ জানিয়েছে। এরফলে উত্তর ও দক্ষিণবঙ্গের সড়ক যোগাযোগ ব্যবস্থায় নতুন গতির সঞ্চার হবে।

ভূমি ধ্বসের কারণে শিলিগুড়ি থেকে সিকিম যাওয়ার ১০ নম্বর জাতীয় সড়ক আগামীকাল পর্যন্ত বন্ধ থাকছে।

৪) যথোচিত ধর্মীয় মর্যাদায় রাজ্যজুড়ে আজ জন্মাষ্টমী উৎসব পালিত হচ্ছে।

৬) ১৯৮০-র ১৬-ই আগস্ট ইডেনে মোহনবাগান - ইস্টবেঙ্গল ফুটবল ম্যাচে মর্মান্তিক দুর্ঘটনায় ১৬ জনের মৃত্যুর স্মরণে আজ ফুটবলপ্রেমী দিবস পালিত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

RG কর-কাণ্ডে নিহত চিকিৎসকের পরিবারের সঙ্গে এবার রাষ্ট্রপতি ভবন থেকে ই-মেলের মাধ্যমে যোগাযোগ করে পাশে থাকার আশ্বাস দেওয়া হয়েছে। সম্প্রতি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সাক্ষাৎ চেয়ে মেল করেছিলেন নির্যাতিতার মা-বাবা। তার উত্তরে রাষ্ট্রপতি ভবন থেকে রাজ্যের মুখ্যসচিব মারফত পাল্টা মেল করে দ্রুত যোগাযোগের

আশ্বাস দেওয়া হয়েছে। চিঠিতে জানানো হয়েছে, রাষ্ট্রপতির আপ্ত সহায়ক শিগগিরই নির্যাতিতার পরিবারের সঙ্গে যোগাযোগ করবেন । তাদের সমস্যাগুলি সমাধানের চেষ্টা করার আশ্বাসও মিলেছে বলে খবর। এই ইমেলে নির্যাতিতা চিকিৎসকের বাবা-মা স্বস্তি প্রকাশ করেছেন ।

(বাইট – বাবা-মা)

ooooooooooooooooo

রাজনৈতিক ছায়াছবি দ্য বেঙ্গল ফাইলস-এর ট্রেলার প্রকাশে বাধা দেওয়ার অভিযোগে শহরের এক পাঁচতারা হোটেলে আজ তীব্র উত্তেজনা তৈরি হয়। ওই সিনেমার পরিচালক বিবেক অগ্নিহোত্রীর অভিযোগ, ট্রেলার চলাকালীনই হোটেল কর্তৃপক্ষ তার কেটে প্রচার বন্ধ করে দেয়। অভিযোগ-পাল্টা অভিযোগ, দু-পক্ষের দীর্ঘ চাপান-উতোরের পর কলকাতা পুলিশ হোটেলে ঢুকে বিবেক অগ্নিহোত্রী-সহ দ্য বেঙ্গল ফাইলস-এর গোটা টিমকে সরিয়ে নিয়ে যায়। ছবির পরিচালক হোটেলে দাঁড়িয়েই পুলিশ ও রাজ্য সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, সত্যজিৎ রায়ের শহরে পরিচালকের কণ্ঠস্বর রোধ করা হচ্ছে। রাজনৈতিক চাপে এই আচরণ করা হচ্ছে বলে তাঁর দাবি। যদিও হোটেল কর্তৃপক্ষ এই অভিযোগকে ভিত্তিহীন বলে খারিজ করে দিয়েছে। এর আগেও একবার প্রয়োজনীয় অনুমতি না থাকার কারণ দেখিয়ে বেঙ্গল ফাইলস ছবির ট্রেলার প্রকাশ অনুষ্ঠান বাতিল করা হয়।

কোন সুস্থ সমাজে এই ধরনের ঘটনা কাঙ্খিত নয় বলে রাজ্য বিজেপি সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য জানিয়েছেন। এই ঘটনায় রাজ্যের উপর কালির দাগ লাগলো বলে মন্তব্য করেন তিনি। ১৬-ই আগস্টের মতো দুর্ভাগ্যপূর্ণ দিনকে জনমানসে ভুলিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে বলেও তিনি অভিযোগ করেন।

(বাইট – শমিক)

oooooooooooooooooo

গ্রেট ক্যালকাটা কিলিংস্-এর স্মরণে বিজেপি আজ কলকাতায় এক পদযাত্রার আয়োজন করে। কলকাতার কলেজ স্কোয়ার থেকে মিছিল শুরু হয়। ১৬-ই আগষ্ট ১৯৪৬-এ তৎকালীন শাসকের উস্কানিতে সাম্প্রদায়িক দাঙ্গা ও হিন্দু নিধনের রক্তাক্ত অধ্যায়ের সূচনা হয় বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্সহ্যান্ডেলে এক বার্তায় জানিয়েছে। তিনি বলেন, গোপাল চন্দ্র মুখোপাধ্যায়ের মতো নির্ভিক কিছু ব্যক্তির নেতৃত্বে পাল্টা প্রতিরোধ গড়ে তোলা হয়। এদিনের মিছিলে বিজেপি-র শীর্ষ নেতৃত্ব অংশ নেন। আদালতের নির্দেশে সাড়ে সাতশো লোক নিয়ে হয় মিছিল। আলিপুরে গোপাল মুখোপাধ্যায়ের মূর্তিরও উদ্বোধন করেন বিরোধী দলনেতা।

ooooooooooooooooo

প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটলবিহারী বাজপেয়ীর প্রয়াণ দিবসে আজ কলকাতার কালাকার স্ট্রিটে তার একটি মূর্তি উন্মোচন করা হয়। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এই মূর্তি উন্মোচন করেন। তিনি বলেন, অটলবিহারী বাজপেয়ী শুধু একজন প্রাক্তন প্রধানমন্ত্রী নন, তিনি ছিলেন একজন কবি, দূরদৃষ্টিসম্পন্ন রাষ্ট্রনায়ক, মানবতাবাদী নেতা এবং ভারতের গৌরবময় ইতিহাসের এক অবিস্মরণীয় অধ্যায়। তার নেতৃত্ব, দূরদৃষ্টি ও দেশপ্রেম সবাইকে প্রেরণা দেয়। তার আদর্শ চিরকাল সবাইকে পথ দেখাবে।

oooooooooooooooooo

চাকরিহারা যোগ্য শিক্ষক সুবল সোরেনের মৃত্যুর প্রতিবাদে রাজ্য সরকার ও বিচার ব্যবস্থাকে দায়ী করেছেন আন্দোলনরত চাকরিহারা শিক্ষকরা। যোগ্য চাকরিহারা শিক্ষকদের আন্দোলন ও ধর্নার অন্যতম মুখ ছিলেন তিনি। মস্তিষ্কের রক্তক্ষরণের ফলে মৃত্যু হয় পশ্চিম মেদিনীপুরের ডেবরার ওই শিক্ষকের।

যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহেবুব মণ্ডল অভিযোগ করেছেন, চাকরি চলে যাওয়ার পর থেকে এবং নতুন পরীক্ষা ব্যবস্থা নিয়ে দুশ্চিন্তায় ছিলেন রাষ্ট্রবিজ্ঞানের ওই শিক্ষক। পরিবারে একমাত্র রোজগেরে ছিলেন সুবলবাবু।

(বাইট – মেহেবুব)

০০০০০০০০০০০০০০০০০

উৎসবকালীন ভাতা ১০ মাসের পরিবর্তে ১২ মাসের পারিশ্রমিক দেওয়া, সরকারি স্বীকৃতি সহ কয়েক দফা দাবিতে মিড ডে মিল এর সঙ্গে যুক্ত একাধিক সংগঠন আগামী ২৬ আগস্ট নবান্ন অভিযানের ডাক দিয়েছে। পশ্চিমবঙ্গ সংগ্রামী রন্ধন কর্মী, পশ্চিমবঙ্গ মিড ডে মিল কর্মী ও সারা বাংলা মিড ডে মিল কর্মী ইউনিয়ন এর যৌথ মঞ্চ পশ্চিমবঙ্গ মিড ডে মিল কর্মী যৌথ সংগ্রাম কমিটি কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে একথা জানিয়েছে। তাঁদের অভিযোগ দীর্ঘ দিন কাজ করেও ছাত্র সংখ্যা কমে গিয়ে বা স্কুল বন্ধ হয়ে যাওয়ায় বহু রন্ধন কর্মী কাজ হারাচ্ছেন। এই বঞ্চনার জবাব চাইতেই তাদের এই নবান্ন অভিযান কর্মসুচি বলে জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০

পুজোর আগেই ফরাক্কার দ্বিতীয় সেতু তৈরির কাজ শেষ হবে। চার লেনের নতুন এই সেতু চালু হলে উত্তর ও দক্ষিণবঙ্গের সড়ক যোগাযোগ ব্যবস্থায় নতুন গতির সঞ্চার হবে বলে মনে করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহন মন্ত্রকের উদ্যোগে ২০১৮ সালে ৬২২ কোটি টাকা ব্যয়ে প্রায় সাড়ে পাঁচ কিলোমিটার দীর্ঘ এই সেতুর কাজ শুরু হয়। কয়েকবার নানা কারণে বিলম্বিত হওয়ার পর এখন সেতু নির্মাণের মূল পর্বের কাজ শেষ হয়েছে বলে জাতীয় সড়ক কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে। ফরাক্কা ব্যারাজের উপর বর্তমান যে সেতুটি আছে সেটি দু'লেনের। অথচ সেতুর দু'দিকেই ১২ নম্বর জাতীয় সড়কে চার লেনের হওয়ায় যান চলাচল বিলম্বিত হয়।

০০০০০০০০০০০০০০০০০০

ভূমিধ্বসের কারনে রাস্তা মেরামতের লক্ষ্যে শিলিগুড়ি থেকে সিকিম যাওয়ার ১০ নম্বর জাতীয় সড়ক আগামীকাল পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, সেলফিদারা, ২৯ মাইল, ২৭ মাইল সহ জাতীয় সড়কের বিভিন্ন স্থানে এখনও ভূমিধসের ঘটনা ঘটছে। যাত্রীদের নিরাপত্তার কথা মাথায় রেখেই রাস্তা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ১০ নম্বর জাতীয় সড়ক বন্ধ থাকায় বিকল্প রুট ঘোষণা করেছে প্রশাসন। ভারী বা পণ্যবাহী যানবাহন গোরুবাথান, লাভা, আলঘারা এবং পেদং হয়ে যাচ্ছে। ছোট যানবাহন শিলিগুড়ি এবং পেশক রোড হয়ে তিস্তা বাজারে যাচ্ছে। এদিকে পুজোর আগে জাতীয় সড়ক ঘন ঘন বন্ধ থাকায় পর্যটন ব্যবসায়ীরা চিন্তিত। এপর্যন্ত প্রায় ২০০ কোটি টাকার আর্থিক ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্ত। আজ তিনি ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনে যান।

০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের ভগবানপুরের অর্জুননগরে বোমা বিস্ফোরণের ঘটনায় জামিনে মুক্ত এক তৃণমূল কংগ্রেস নেতাকে আজ গ্রেফতার করেছে পুলিশ। উদ্ধার হয়েছে বোমা তৈরির সামগ্রী। দশকর্মার দোকানের আড়ালে সুবীর মাইতি নামে ওই ব্যক্তি বোমা তৈরির সরঞ্জাম বিক্রি করতো বলে জানা গেছে। ২০২২-এর তেশরা ডিসেম্বর পূর্ব মেদিনীপুর জেলার ভগবানপুর বিধানসভা কেন্দ্রে নাড়ুয়াবিলা গ্রামে বোমা বিস্ফোরণে ৩ জনের মৃত্যু হয়। কলকাতা হাইকোর্টের নির্দেশে এন আই এ তদন্ত শুরু করে। এরপরই সুধীর মাইতিকে গ্রেফতার করা হয়। বর্তমানে তিনি জামিনে মুক্ত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভগবান শ্রীকৃষ্ণের আবির্ভাব দিবস জন্মাষ্টমী পালিত হচ্ছে।

এই উপলক্ষ্যে বিভিন্ন স্থানে শ্রীকৃষ্ণের মন্দিরগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে। গৃহস্থের বাড়িতেও জন্মাষ্টমী উপলক্ষে শ্রীকৃষ্ণের পূজার্চনা চলছে। ধর্মীয় আচার

অনুষ্ঠান মেনে, ভাগবত পাঠ প্রভৃতির মধ্য দিয়ে আজ বেলুড় মঠে শ্রীকৃষ্ণের আবির্ভাব দিবস পালিত হচ্ছে।

উত্তর কলকাতার গৌড়ীয় মিশনে এবার ১০৬ তম জন্মাষ্টমী উপলক্ষে তিন দিন ব্যাপী নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ গৌড়ীয় মিশনের পক্ষ থেকে নগর সংকীর্তনের আয়োজন করা হয়।

নিউটাউনে ইসকন কলকাতার মন্দিরে সাড়ম্বরে জন্মাষ্ঠমী উৎসব পালিত হচ্ছে। যজ্ঞ, গো-পূজা, পুষ্পাঞ্জলির মতো আচার আচরণ চলে। পরিবেশিত হচ্ছে ভক্তিগীতি, কীর্তন এবং নৃত্য। এই উপলক্ষে মন্দিরে সাধু-সন্ন্যাসী ও ভক্তদের ব্যাপক সমাগম হয়েছে।

পাশাপাশি ইসকন কলকাতাতেও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দুদিন ব্যাপী জন্মাষ্টমী উৎসব শুরু হয়েছে।

নদীয়ার মায়াপুরে ধর্মীয় আচার মেনে পালিত হচ্ছে জন্মাষ্টমী উৎসব।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অনুপম)

উত্তর ২৪ পরগনার কচুয়া ও চাকলা ধামে লোকনাথ বাবার আবির্ভাব দিবস এবং জন্মাষ্টমী উপলক্ষে বিপুল ভক্ত সমাগম লক্ষ্য করা যাচ্ছে।

oooooooooooooooooooooo

সিঙ্গুরে নার্সিং হোমে মৃত নন্দীগ্রামের নার্স দীপালি জানার দেহের ময়না তদন্ত কল্যাণীর এইমস্ হাসপাতালে সম্পন্ন হয়েছে। ওই হাসপাতালের ফরেন্সিক মেডিসিনের চিকিৎসকদের তত্বাবধানে একজন ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে এই ময়না তদন্ত চলে। গোটা প্রক্রিয়াটি ভিডিও রেকর্ডিং করে রাখা হয়। গত বুধবার সিঙ্গুরের নার্সিং হোমে দীপালি জানার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পরিবারের তরফে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন কোন হাসপাতালে ময়না তদন্তের দাবি জানানো হয়েছিল। সেই মতো আজ

সকালে দেহ নিয়ে যাওয়া হয় কল্যাণী এইমসে। দীপালিকে খুন করা হয়েছে বলে পরিবারটির দাবি। দেহটি বর্তমানে নন্দীগ্রামের নন্ডী গ্রামে তার বাড়িতে নিয়ে যাওয়া হয়েছে।  ফরেন্সিক টিম আজ সন্ধ্যায় সিঙ্গুরের নার্সিংহোমে তদন্তের কাজ চালায়

এদিকে, সিঙ্গুরের নার্সের মৃত্যুতে রাজ্য তথ্য প্রমাণ চাপা দিতে চাইছে বলে অভিযোগ করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রক্ষনাবেক্ষন কাজের জন্যে আজ রাত ৯টা থেকে আগামীকাল রাত ৯টা পর্যন্ত কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতু দিয়ে যান চলাচল বন্ধ রাখার জন্য জারি নির্দেশ বাতিল করা হয়েছে। হাওড়া সিটি পুলিশ এবং হুগলি রিভার ব্রীজ কমিশন গত ১১ তারিখে যৌথ ভাবে এই সংক্রান্ত যে বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল তা বাতিল করা হল বলে পুলিশের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ফুটবলপ্রেমী দিবস  উপলক্ষ্যে এবারেও আজকের দিনটি রক্তদানের মধ্য দিয়ে পালিত হচ্ছে। আইএফএ ও অ্যাসোসিয়েশন অফ ভলেন্টারি ব্লাড ডোনার্স, ওয়েস্ট বেঙ্গলের উদ্যোগে কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এক রক্তদান শিবিরে এপর্যন্ত -৫৩১   জন রক্তদান করেছেন।

বিভিন্ন জেলায় ১১ টি কেন্দ্রে রক্তদান শিবির অনুষ্ঠিত হচ্ছে। এ বছর রক্তদাতাদের প্রাক্তন ফুটবলার সংগ্রাম মুখার্জীর স্বাক্ষরিত শংসাপত্র দেওয়া হয়েছে। ১৯ শো ৮০ সালে ১৬ ই আগস্ট ইডেনে ইস্টবেঙ্গল - মোহনবাগান  ফুটবল ম্যাচে এক মর্মান্তিক দুর্ঘটনায় ১৬ জন ফুটবলপ্রেমী প্রাণ হারিয়েছিলেন। সেই ঘটনার স্মরণে প্রতি বছর এই দিনটি রক্তদানের মধ্য দিয়ে ফুটবলপ্রেমী দিবস হিসাবে পালিত হয়ে থাকে।

০০০০০০০০০০০০০০০০০০০